GODREJ HOUSING FINANCE

Godrej

সম্পদ শ্রেণিকরণ সম্পর্কিত ধারণাসমূহ

ভারতের রিজার্ভ ব্যাঙ্ক ("RBI") 2025 সালের রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (হাউজিং ফাইন্যান্স কোম্পানি) নির্দেশিকা এবং রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (নন-ব্যাঙ্কিং ফাইন্যান্সিয়াল কোম্পানি - আয় স্বীকৃতি, সম্পদ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং) নির্দেশিকা, 2025 (মাস্টার ডাইরেকশনস)-এর অধীনে একটি হাউজিং ফাইন্যান্স কোম্পানি ("HFC")-এর জন্য আয় স্বীকৃতি, সম্পদ শ্রেণিবিন্যাস ও প্রভিশনিং সংক্রান্ত প্রুডেনশিয়াল নর্মস ("IRAC Norms") জারি করেছে এবং নিম্নলিখিত ধারণাগুলি ব্যাখ্যা করা হয়েছে:

**ডিউ ডেট(নির্ধারিত পরিশোধের তারিখ)** - এটি সেই তারিখ, যেদিন ঋণগ্রহীতাকে, ঋণদাতার কাছে তার বকেয়া অর্থ পরিশোধ করতে হয়। GHFL-এর ঋণগ্রহীতার ক্ষেত্রে, এই তারিখটি হল যেদিন ঋণগ্রহীতার ব্যাঙ্কে ম্যান্ডেট উপস্থাপন করা হয় এবং যা ঋণচুক্তিতে উল্লেখ থাকে।

**ওভারডিউ (মেয়াদউত্তীর্ণ বকেয়া)** - যদি ঋণগ্রহীতা নির্ধারিত তারিখে অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন, তবে সেই ঋণ হিসেবকে "ওভারডিউ" বা বকেয়া হিসেবে গণ্য করা হয়।

**ডেজ পাস্ট ডিউ (ডিপিডি) / বকেয়ার অতিবাহিত দিনের সংখ্যা** - কোনও ঋণ হিসেব কতদিন ধরে বকেয়া রয়েছে, মূলত, সেই দিনের সংখ্যাকে বোঝায়।

**এসএমএ (স্পেশাল মেনশন অ্যাকাউন্ট) / বিশেষ নজরদারির হিসেব** - কোনও ঋণ হিসেব কতদিন বকেয়া রয়েছে, তা বকেয়ার অতিবাহিত দিনের সংখ্যা-এর ভিত্তিতে পর্যবেক্ষণ করা হয় এবং সেই অনুযায়ী SMA শ্রেণিবিন্যাস নির্ধারিত হয়। SMA-এর অধীনে তিনটি শ্রেণি রয়েছে, যা ডিপিডি-এর সঙ্গে সম্পর্কিত। উদাহরণস্বরূপ, যদি কোনও ঋণের নির্ধারিত পরিশোধের তারিখ 31 তারিখ হয় এবং 31 মার্চ 2021 তারিখে প্রথম কিস্তির অর্থ পরিশোধ না করা হয়, তাহলে নিম্নরূপে শ্রেণিবিন্যাস প্রযোজ্য হবে:

| বকেয়া দিনের সংখ্যা (ডেজ পাস্ট ডিউ (ডিপিডি)) | শ্রেণিবিন্যাস | সময় মতো পরিশোধিত / বকেয়া নেই |
|---|---|---|
| 30 দিন পর্যন্ত বকেয়া | SMA-0 | 31 মার্চ 2021 |
| 30 দিনের বেশি কিন্তু 60 দিন পর্যন্ত বকেয়া | SMA-1 | 30 এপ্রিল 2021 |
| 60 দিনের বেশি কিন্তু 90 দিন পর্যন্ত বকেয়া | SMA-2 | 30 মে 2021 |
| 90 দিনের বেশি বকেয়া | NPA | 29 জুন 2021 |

**এনপিএ (নন-পারফর্মিং অ্যাসেট)** - কোনও টার্ম লোন হিসেব 90 দিন ধরে বকেয়া থাকলে সেটিকে NPA হিসেবে গণ্য করা হয়। তবে প্রতারণা (fraud), জামানতের মূল্যের অফক্ষয় (erosion of security) ইত্যাদি বিশেষ পরিস্থিতিতে, কোনও হিসেব নিয়মিত অর্থপ্রদান করলেও তাকে "লস অ্যাসেট (ক্ষতিগ্রস্ত সম্পদ)" হিসেবে শ্রেণিবদ্ধ করা যেতে পারে। এছাড়াও, কোনও হিসেব NPA-তে পরিণত হলে সেই তথ্য CIBIL-এর মতো ক্রেডিট তথ্য সংস্থাগুলিকে প্রদান করা হয়।

**সম্পদের মানোন্নয়ন** - যদি কোনও ঋণগ্রহীতা 90 দিন পর্যন্ত অর্থপ্রদান না করেন এবং হিসেবটি NPA-তে পরিণত হয়, তাহলে সম্পূর্ণ বকেয়া অর্থ পরিশোধ না হওয়া পর্যন্ত সেই হিসেবকে পুনরায় "স্ট্যান্ডার্ড অ্যাসেট বা স্বাভাবিক সম্পদ" শ্রেণিতে উন্নীত করা যাবে না। আরও বলা হয়েছে যে, NPA হিসেবে শ্রেণিবদ্ধ ঋণ হিসেবকে তখনই "স্ট্যান্ডার্ড" হিসেবে উন্নীত করা যাবে, যখন ঋণগ্রহীতা সমস্ত বকেয়া সুদ এবং মূলধনের অর্থ সম্পূর্ণরূপে পরিশোধ করবেন।

**ডে এন্ড প্রসেস (দিনশেষ প্রক্রিয়া)** - কোম্পানির একটি "ডে-এন্ড প্রসেস" রয়েছে, যা দিনের হিসেবপত্র বন্ধ করার একটি অ্যাকাউন্টিং প্রক্রিয়া। নির্ধারিত তারিখে অর্থপ্রদান না হলে, দিনের শেষে সেই হিসেবকে "ওভারডিউ" হিসেবে শ্রেণিবদ্ধ করা হবে এবং SMA / NPA হিসেবে ঘোষণা করা হবে।

---****---